

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ

বিজ্ঞপ্তি

তারিখ: ০৫/০৮/২০২০ খ্রি.

জাতীয় শোক দিবস ২০২০ ও মুজিববর্ষ উপলক্ষে 'আমার মুজিব' শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নলিখিত ভাবে লেখা ও ছবি আহ্বান করা হয়েছে। সিরাজগঞ্জ সরকারি কলেজের একাদশ, দ্বাদশ শ্রেণি ও অনার্স, মাস্টার্স এবং ডিগ্রি (পাস) শ্রেণিতে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রীকে উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য বলা হলো।

বিষয়	শ্রেণি	বিভাগ
আমার মুজিব	একাদশ, দ্বাদশ শ্রেণি	গ
আমার মুজিব	অনার্স, মাস্টার্স, ডিগ্রি (পাস) শ্রেণি	ঘ

শিক্ষার্থীরা শুধু লেখা, শুধু ছবি, অথবা লেখা ও ছবি একসঙ্গে জমা দিতে পারবে। লেখার জন্য প্রতি উপজেলায় প্রতিটি বিভাগ থেকে দুইজন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে। ছবির ক্ষেত্রে পুরস্কারের জন্য শিল্পীদেরকে জাতীয়ভাবে নির্বাচন করা হবে। এক্ষেত্রে প্রতি বিভাগ থেকে ২৫ জন করে ৪টি বিভাগে মোট ১০০ জন পুরস্কার পাবে। পরবর্তীতে বাছাই করা লেখা ও ছবিগুলো নিয়ে 'আমার মুজিব' নামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে।

অনুসরণীয় নিয়মাবলী:

লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'আমার মুজিব' শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটারে (Nikosh Font-এ ১৩ সাইজে) লিখবে; ছবি আঁকার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজে/আর্ট পেপারে 'আমার মুজিব' বিষয়ে একটি ছবি আঁকবে যে কোন মাধ্যমে)।

শিক্ষার্থীরা লেখার ক্ষেত্রে লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে ছবির পিছনে বিভাগের নাম (ক/খ/গ/ঘ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখসহ পাসপোর্ট সাইজের একটি ছবি সংযুক্ত করতে হবে। অতঃপর লেখা/ছবি আগামী ০৮/০৮/২০২০ তারিখ দুপুর ১২ টার মধ্যে কলেজের ই-মেইল (srgovc@gmail.com) এ পাঠানোর জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-
(প্রফেসর টি.এম. সোহেল)
অধ্যক্ষ
সিরাজগঞ্জ সরকারি কলেজ সিরাজগঞ্জ।